

**পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের শুভ জন্মাষ্টমী উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার
বিতরণী অনুষ্ঠিত**



১১ সেপ্টেম্বর-২০১৮, মঙ্গলবার, সকাল ১১টায় সনাতন বিদ্যার্থী সংসদ জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর উদ্যোগে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের শুভ জন্মাষ্টমী উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটির উদ্বোধন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি।

বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এবং বাংলাদেশ শিক্ষক ঐক্য পরিষদের সদস্য- সচিব অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী। সম্মানিত অতিথি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, প্রক্টর অধ্যাপক ড. নূর মোহাম্মদ এবং বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তারিকুল ইসলাম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থী, সাংবাদিক এবং ব্যবসায়ীবৃন্দ উপস্থিত ছিলেন।